সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
Human Resource Development Division (HRDD)
Head Office (5th Floor), 35-42, 44 Motijheel C/A, Dhaka-1000, Bangladesh.
PHONE : 0222-3388175 (DGM), 9567891 (AGM)
PABX : 2025 (DGM), 3251,3246(AGM), 3250 (SPO), 3247
E-mail : dgmhrdd@sonalibank.com.bd
Website : www.sonalibank.com.bd

শপথ মোদের মুজিব বর্ষে
আমরা থাকবো সবার শীর্ষে

নং-এইচআরডিডি/৪০১/৯৯৭

তারিখ : ১৮ শ্রাবণ, ১৪২৮
০২ আগস্ট, ২০২১

সকল অফিস/শাখা প্রধান
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ/বহিঃবাংলাদেশ।

**ই-মেইল যোগে**

**বিষয়: 'হুইসেল ব্লোয়ার পলিসি - ২০২১ (ভার্সন-১.৩)' অবহিতকরণ।**

মহোদয়,

প্রাসঙ্গিক বিষয়ে এ ডিভিশন হতে ২১.০৬.২০২১ তারিখের এইচআরডিডি/৪০১/৮৮৩ সংখ্যক পত্রের মাধ্যমে প্রেরিত 'হুইসেল ব্লোয়ার পলিসি-২০২১ (ভার্সন-১.২)' সংশ্লিষ্ট সকলের গোচরীভূত করার জন্য প্রেরণ করা হয়।

২.০০: এক্ষণে, ২৯ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭২৭তম সভায় সোনালী ব্যাংক লিমিটেড এর হুইসেল ব্লোয়ার পলিসি-২০২১ এর আওতায় সদ্য প্রতিষ্ঠিত ন্যায়পাল সচিবালয়ের টেলিফোন নম্বর পরিবর্তন হওয়ায় তা সংশোধনপূর্বক হুইসেল ব্লোয়ার পলিসি-২০২১ (ভার্সন ১.৩) হিসেবে পুনর্মুদ্রণসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার বিষয়ে পর্ষদ নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে:

> "১. সোনালী ব্যাংক লিমিটেড এর 'হুইসেল ব্লোয়ার পলিসি-২০২১' এর ৮.ঘ ক্রমিকে বর্ণিত টেলিফোন নম্বরটি +৮৮০২৯৫৬৫৯৫২ এর স্থলে +৮৮০২২২৩৩৮৫৯৫২ প্রতিস্থাপনপূর্বক সংশোধিত হুইসেল ব্লোয়ার পলিসি-২০২১ (ভার্সন ১.৩) অনুমোদন করা হলো।"

৩.০০: পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল সচিবালয়ের নতুন টেলিফোন নম্বরসহ অনুমোদিত **'হুইসেল ব্লোয়ার পলিসি-২০২১ (ভার্সন-১.৩)'** এতদসঙ্গে সংযুক্ত করা হলো এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(বীথি আক্তার)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

# হুইসেল ব্লোয়ার পলিসি-২০২১

## (ভার্সন-১.৩)

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

# মুখবন্ধ

সোনালী ব্যাংক লিমিটেড দেশের সর্ববৃহৎ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক। এই ব্যাংক বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলসহ সমগ্র দেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখছে। ইতোমধ্যে ব্যাংকের সকল শাখায় সিবিএস (Core Banking Solution-CBS) এর আওতায় যাবতীয় কার্যক্রমসহ এসএমএস ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং, BEFTN, আরটিজিএস (RTGS), জিটিএস(GTS), ই-ওয়ালেট (e-wallet) এর মাধ্যমে গ্রাহকদের সেবা প্রদান করা হচ্ছে। সোনালী পেমেন্ট গেটওয়ে প্লাটফর্ম, সোনালী সেবা, সোনালী ই-সেবা চালু করা হয়েছে। এজেন্ট ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং, দেশের সকল শাখায় ইসলামি ব্যাংকিং উইন্ডো, এমএফএস (Mobile Financial Service) চালুর পদক্ষেপ নেয়া হয়েছে। খুব শীঘ্রই কল সেন্টার ও অফশোর ব্যাংকিংও চালু হবে। ব্যাংকিং সেবাসমূহ প্রযুক্তি (Technology) নির্ভর হওয়ার সাথে সাথে এর ঝুঁকিও বৃদ্ধি পাচ্ছে। এইরূপ উন্নয়নের পথে দ্রুত অগ্রসরমান সোনালী ব্যাংক লিমিটেড সকল ধরনের দুর্নীতি মুক্ত থেকে এর যাবতীয় কার্যক্রম বাস্তবায়নে বদ্ধপরিকর।

আমানতকারীদের স্বার্থ অক্ষুণ্ণ রাখা এবং ঋণগ্রহীতাদেরকে দ্রুততার সঙ্গে ঋণ প্রক্রিয়াকরণসহ মঞ্জুরি ও বিতরণে স্বচ্ছতা নিশ্চিত করা ব্যাংকের নৈতিক দায়িত্ব। এই দায়িত্ব সুচারুরূপে ও যথাযথভাবে পরিপালন করা ব্যাংকের প্রতিটি কর্মচারীর পবিত্র কর্তব্য।

এই ব্যাংক সকল ক্ষেত্রে প্রত্যাশিত ও সানন্দে গ্রহণযোগ্য আচরণ এবং দ্রুত প্রাপ্য সেবা বিতরণের সংস্কৃতি প্রতিষ্ঠায় অঙ্গীকারাবদ্ধ। ব্যাংক তার কর্মচারীগণের নীতিবর্জিত আচরণ, জাল-জালিয়াতি, আচরণবিধি লঙ্ঘন এবং অন্যায়ভাবে কাউকেও ক্ষতিগ্রস্ত করার অপচেষ্টা প্রতিরোধে দ্রুত কার্যক্রম গ্রহণের লক্ষ্যে নিরাপদ ও গোপনীয় রিপোর্টিং প্রবর্তনের ব্যবস্থা কার্যকর করা অপরিহার্য বলে বিবেচনা করে।

অনেক উন্নত দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে তাদের কর্মকাণ্ডে স্বচ্ছতা নিশ্চিত করবার লক্ষ্যে হুইসেল ব্লোয়ার বা এই জাতীয় পলিসি চলমান রয়েছে। বাংলাদেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে সোনালী ব্যাংক লিমিটেড নেতৃত্বস্থানীয় ব্যাংক হিসেবে দেশের আর্থিক খাতের শৃঙ্খলা বজায় রাখাসহ সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ব্যাংকের সকল কর্মকাণ্ড দুর্নীতিমুক্ত রাখা এবং শুদ্ধাচার প্রতিষ্ঠা করা একান্ত জরুরী। সেক্ষেত্রে ব্যাংকে 'হুইসেল ব্লোয়ার পলিসি' প্রণয়ন ও অনুশীলন খুবই গুরুত্বপূর্ণ, সময়োপযোগী ও সাহসী একটি পদক্ষেপ।

পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়ের সুস্পষ্ট দিক-নির্দেশনা এবং সম্মানিত পরিচালকগণের মতামত ও পরামর্শক্রমে এই 'হুইসেল ব্লোয়ার পলিসি-২০২১' প্রণয়ন করা হয় যা ১১.০১.২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭০৫তম সভায় অনুমোদিত হয়েছে। পরবর্তীতে ৩১.০৫.২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭২৩তম সভায় তা অধিকতর যুগোপযোগী ও হালনাগাদ করা হয়েছে। জানামতে রাষ্ট্রমালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে সোনালী ব্যাংক লিমিটেড সর্বপ্রথম হুইসেল ব্লোয়ার পলিসি প্রণয়ন করার ক্ষেত্রে পথিকৃত হিসেবে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করল।

হুইসেল ব্লোয়ার পলিসি প্রণয়ন ও হালনাগাদকরণের বিষয়ে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়কে তার দিক-নির্দেশনা এবং সম্মানিত পরিচালকবৃন্দকে তাঁদের মতামত ও পরামর্শ প্রদানের জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। সেই সাথে এই পলিসি প্রণয়ন ও হালনাগাদকরণের সঙ্গে সম্পৃক্ত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানাচ্ছি।

'হুইসেল ব্লোয়ার পলিসি-২০২১ (ভার্সন-১.২)'-এ বর্ণিত নিয়মাচার/নির্দেশনাবলী/পরামর্শ ব্যাংকের কর্মচারীগণ যথাযথভাবে অনুশীলন ও পরিপালন করে এই ব্যাংকে সম্ভাব্য সকল অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ডের অনুপ্রবেশ প্রতিরোধে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করবেন এবং ব্যাংকের ভাবমূর্তিকে আরও উজ্জ্বল করে তুলবেন এই প্রত্যাশা করছি।

মোঃ আতাউর রহমান প্রধান
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর

# সূচিপত্র


| ক্রম নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | শিরোনাম ও প্রবর্তন | ১ |
| ২ | হুইসেল ব্লোয়ার পলিসির লক্ষ্য | ১ |
| ৩ | সংজ্ঞা | ১ |
| ৪ | হুইসেলব্লোয়িং এর এখতিয়ার | ২ |
| ৫ | প্রকাশিতব্য বা রিপোর্টযোগ্য অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড | ২ |
| ৬ | হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল | ২ |
| ৭ | ন্যায়পাল এবং ব্যাংকের করণীয় | ২ |
| ৮ | রিপোর্ট গ্রহণকারী কর্তৃপক্ষ | ৩ |
| ৯ | রিপোর্ট উত্থাপন/দাখিলের মাধ্যম ও পদ্ধতি | ৩ |
| ১০ | হুইসেল ব্লোয়ার পলিসির পরিপালন ও অনুশীলন | ৪ |
| ১১ | হুইসেল ব্লোয়ারের সুরক্ষা ব্যবস্থা | ৪ |
| ১২ | নামবিহীন বা বেনামি হুইসেলব্লোয়িং | ৪ |
| ১৩ | বিবিধ | ৪ |

## হুইসেল ব্লোয়ার পলিসি-২০২১
## (ভার্সন-১.৩)

**১.শিরোনাম ও প্রবর্তন:**

এই পলিসি **'হুইসেল ব্লোয়ার পলিসি-২০২১ (ভার্সন- ১.৩)'** নামে অভিহিত হইবে এবং ইহা সোনালী ব্যাংক লিমিটেড এর কর্মচারীগণের উপর অবিলম্বে কার্যকর হইবে।

**২. হুইসেল ব্লোয়ার পলিসির লক্ষ্য:**

ক. জাতীয় শুদ্ধাচার কৌশল-২০১২ এর মূল প্রতিপাদ্য **দুর্নীতিমুক্ত বাংলাদেশ** গড়ার প্রত্যয়ের সহিত সংগতি রাখিয়া এই ব্যাংক-কে দুর্নীতিমুক্ত রাখা ও শুদ্ধাচার প্রতিষ্ঠা করা;

খ. সোনালী ব্যাংক লিমিটেড-কে সম্পূর্ণ অবৈধ ও অনৈতিক কর্মকান্ড মুক্ত করিয়া সকলের নিকট একটি পরিপূর্ণ আস্থাভাজন ব্যাংকে রূপান্তর করা;

গ. ব্যাংকের কর্মচারীগণ যাহাতে স্বাচ্ছন্দে, নির্ভয়ে ও পূর্ণ নিরাপত্তার সহিত অবৈধ ও অনৈতিক কর্মকান্ড প্রতিরোধে সোচ্চার হয় উহার উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা;

ঘ. অবৈধ ও অনৈতিক কর্ম সংঘটনকারী কর্মচারীগণের বিরুদ্ধে সোনালী ব্যাংক লিমিটেড কর্মচারী চাকুরী প্রবিধানমালা (যখন যেটা কার্যকর থাকিবে) এর সংশ্লিষ্ট বিধির আওতায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা।

**৩. সংজ্ঞা:**

এই পলিসিতে-

ক. **'হুইসেলব্লো বা হুইসেলব্লোয়িং'** বলিতে ব্যাংকের অভ্যন্তরে সংঘটিত অসদাচরণ, দুর্নীতি, জাল-জালিয়াতি, অর্থ আত্মসাৎ, প্রতারণা ইত্যাদি আইন বিরোধী কর্মকান্ডের বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তথ্যপূর্ণ ও সুনির্দিষ্ট রিপোর্ট প্রদান অথবা এই বিষয়ে তথ্য ও সাক্ষ্য-প্রমাণাদি প্রদান ও উপস্থাপনকে বুঝাইবে।

খ. **'হুইসেল ব্লোয়ার'** বলিতে যিনি উপযুক্ত কর্তৃপক্ষের নিকট পলিসিতে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক হুইসেলব্লো অথবা এই বিষয়ে তথ্য ও সাক্ষ্য-প্রমাণাদি প্রদান ও উপস্থাপন করিবেন তাহাকে বুঝাইবে।

গ. **'অবৈধ ও অনৈতিক'** কর্ম বলিতে অসদাচরণ, দুর্নীতি ও জাল-জালিয়াতি, অর্থ-আত্মসাৎ, প্রতারণা ইত্যাদি আইন বিরোধী এবং ব্যাংকের জন্য ক্ষতিকর কর্মকে বুঝাইবে।

ঘ. **'উপযুক্ত কর্তৃপক্ষ'** বলিতে সংশ্লিষ্ট কার্যাদি নিষ্পত্তির জন্য উপযুক্ত বিবেচনায় পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষকে বুঝাইবে।

ঙ. **'ব্যবস্থাপনা কর্তৃপক্ষ'** বলিতে ব্যাংকের সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর এবং তাহার অধঃস্তন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে বুঝাইবে।

চ. **'কর্তৃপক্ষ'** বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা উক্ত কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিবার জন্য তৎকর্তৃক মনোনীত কোনো কর্মকর্তাকে বুঝাইবে এবং উক্ত কর্মকর্তার ঊর্ধ্বতন কোনো কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন।

ছ. **'কর্মচারী'** বলিতে সোনালী ব্যাংক লিমিটেড এর সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর, অন্যান্য নির্বাহী, কর্মকর্তা এবং সকল পর্যায়ের কর্মচারীকে বুঝাইবে।

জ. **'ব্যাংক'** বলিতে সোনালী ব্যাংক লিমিটেড-কে বুঝাইবে।

Sonali Bank Limited Human Resource Development Division Head Office, Dhaka

**৪. হুইসেলব্লোয়িং এর এখতিয়ার:**

ব্যাংকের কর্মচারীগণ পলিসিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতিতে হুইসেল ব্লোয়িং এর এখতিয়ারবান হইবেন।

**৫. প্রকাশিতব্য বা রিপোর্টযোগ্য অবৈধ ও অনৈতিক কর্মকান্ড:**

নিম্নবর্ণিত অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড হুইসেলব্লোয়িং উপযোগী হিসেবে প্রকাশিতব্য বা রিপোর্টযোগ্য বলিয়া গণ্য হইবে:

ক. দুর্নীতি, তহবিল তছরুপ, অর্থ আত্মসাৎ ইত্যাদি যে কোনো আর্থিক অপরাধ;
খ. অসদাচরণ, জাল-জালিয়াতি ও প্রতারণা;
গ. ব্যাংকের আইন-কানুন, আচরণবিধি, বিভিন্ন নীতিমালা ও বিধিমালার লঙ্ঘন;
ঘ. ব্যক্তি স্বার্থে আর্থিক সুবিধা গ্রহণ ও প্রদান;
ঙ. নারী কর্মচারীদের প্রতি অসম্মান ও অসৌজন্যমূলক আচরণ;
চ. ব্যাংকের যে কোনো আর্থিক প্রতিবেদনে অসত্য তথ্য উপস্থাপন বা সঠিক তথ্য গোপন;
ছ. ব্যাংক ব্যবসার জন্য ক্ষতিকর তথ্য প্রকাশ;
জ. নিরীক্ষকের কাজে বাধা সৃষ্টি করা;
ঝ. ব্যাংকের সুনাম ও ভাবমূর্তি ক্ষুণ্ন করা এবং ব্যাংকের স্বার্থ পরিপন্থী অন্য যে কোনো কার্যক্রম;
ঞ. অর্পিত/নির্ধারিত ক্ষমতার অপব্যবহার।

**৬. হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল:**

ক. ব্যাংকের পরিচালনা পর্ষদের অডিট কমিটির চেয়ারম্যান 'হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল' এর দায়িত্ব পালন করিবেন।

খ. যে কোনো কর্মচারী 'হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল' এর সহিত সরাসরি টেলিফোন, ই-মেইল, পত্র বা ব্যক্তিগতভাবে যোগাযোগ করিতে পারিবেন এবং তিনি (ন্যায়পাল) হুইসেল ব্লোয়ার্স এর রক্ষাকবচ হিসাবে দায়িত্ব পালন করিবেন।

**৭. ন্যায়পাল এবং ব্যাংকের করণীয়:**

ক. অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড সম্পর্কিত রিপোর্টের বিষয়বস্তুর গুরুত্ব এবং স্পর্শকাতরতার মাত্রা বিবেচনায় ন্যায়পাল দ্রুততার সহিত তাহা নিষ্পত্তির জন্য নিম্নলিখিত পদ্ধতি অবলম্বন করিবেনঃ

০১. ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ অথবা ভিজিল্যান্স এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন এর মাধ্যমে তদন্ত করানো।
০২. বহিঃ নিরীক্ষক দল নিয়োগের মাধ্যমে তদন্ত করানো।
০৩. উপযুক্ত টিম গঠনের মাধ্যমে স্বাধীনভাবে তদন্ত করানো।
০৪. ন্যায়পাল কর্তৃক সরাসরি তদন্ত করা।
০৫. হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল এর পরামর্শক্রমে ভিজিল্যান্স এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন প্রয়োজনে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তদন্তের বিষয়ে অভিজ্ঞ ও অধিকতর জ্ঞানসম্পন্ন ব্যাংকের এক বা একাধিক কর্মচারীকে তদন্তের সহিত সম্পৃক্ত করিতে পারিবে।
০৬. ন্যায়পাল সচিবালয়ের কার্যক্রম সুষ্ঠু ও দ্রুততার সহিত সম্পাদন এবং রিপোর্টযোগ্য বা প্রকাশিতব্য অনৈতিক ও অবৈধ কর্মকাণ্ড বা এতদসংক্রান্ত অভিযোগের সুষ্ঠু তদন্তের নিমিত্ত ন্যায়পাল এর চাহিদা মোতাবেক ব্যাংকের যে কোনো পর্যায়ের কর্মচারী/ডিভিশন/নিয়ন্ত্রণকারী কার্যালয়/শাখা সর্বাত্মক সহযোগিতা প্রদান করিবে এবং প্রয়োজনে তাহাদেরকে তদন্ত সংশ্লিষ্ট কাজে নিয়োজিত করিতে পারিবেন। **তদন্তকারী কর্মকর্তাকে রিপোর্ট প্রদানকারী কর্মচারীর তথ্য কোনোভাবেই জ্ঞাত করা যাইবে না।**

Human Resource Development Division
Head Office, Dhaka

খ. উপ-অনুচ্ছেদ (ক) এর মাধ্যমে সম্পাদিত তদন্তে অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড প্রমাণিত হইলে ন্যায়পালের পরামর্শ অনুযায়ী ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে সোনালী ব্যাংক লিমিটেড কর্মচারী চাকুরী প্রবিধানমালা (যখন যেটা কার্যকর থাকিবে) অনুযায়ী উপযুক্ত বিভাগীয় মামলা চালু করিবে।

গ. রিপোর্ট প্রদানকারীর রিপোর্টের কোনো বিষয়ে স্পষ্টীকরণ, ব্যাখ্যা এবং কোনো তথ্যের বিশ্লেষণ প্রয়োজন হইলে তাহার (রিপোর্ট প্রদানকারীর) সাক্ষাৎকার নেওয়া যাইবে।

ঘ. হুইসেল ব্লোয়ার্স পলিসি এবং ইহার কার্যপ্রক্রিয়া সম্পর্কে ন্যায়পালের পরামর্শ অনুযায়ী ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ব্যাংকের কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করিবেন।

ঙ ন্যায়পাল হুইসেল ব্লোয়িং বিষয়ে বাৎসরিক বা সাময়িক রিপোর্ট প্রণয়ন এবং তাহা পরিচালনা পর্ষদে উপস্থাপনে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সহযোগিতা গ্রহণ করিতে পারিবেন।

**৮. রিপোর্ট গ্রহণকারী কর্তৃপক্ষ:**

ক. এই পলিসির আওতায় অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড সম্পর্কিত রিপোর্ট **হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল বরাবর** দাখিল করিতে হইবে।

খ. হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল কর্তৃক রিপোর্ট প্রদানকারী কর্মচারী ও রিপোর্ট সম্পর্কে সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করিতে হইবে।

গ. হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল কর্তৃক ব্যাংকের প্রচলিত বিধিমালার আওতায় প্রদত্ত নির্দেশনা/সিদ্ধান্ত/পরামর্শ ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যথানিয়মে পরিপালন নিশ্চিত করিবেন।

ঘ. অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ডের রিপোর্ট কিভাবে উত্থাপন করিতে হইবে সেই বিষয়ে নিশ্চিত হইতে না পারিলে পরামর্শের জন্য হুইসেল ব্লোয়ারগণ ন্যায়পাল এর সচিবালয়ের সহিত নিম্নোক্ত মাধ্যমে সরাসরি যোগাযোগ করিতে পারিবেন:

- ফোন নম্বর : +৮৮ ০২২২ ৩৩৮৫৯৫২
- মোবাইল নম্বর : +৮৮ ০১৩১৩ ৭৮৯০০০
- ইমেইল : naeypal@sonalibank.com.bd
- পত্রের মাধ্যমে।

**৯. রিপোর্ট উত্থাপন/দাখিলের মাধ্যম ও পদ্ধতি:**

ক. টেলিফোন, মোবাইল, ই-মেইল, অন্য যে কোনো ইলেকট্রনিক মাধ্যমে এবং ব্যক্তিগতভাবে বা লিখিতভাবে বা সরাসরি হাতে হাতে অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ডের বিষয়ে রিপোর্ট উত্থাপন/দাখিল করা যাইবে।

খ. রিপোর্টে বা রিপোর্টের সাথে নিম্নলিখিত তথ্য সরবরাহ করিতে হইবে:

০১. অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ডের তারিখসহ উহার প্রকৃতি, পটভূমি এবং ইতিহাস;

০২. অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ডের রিপোর্টটির বিশ্বাসযোগ্যতার স্বপক্ষে সুস্পষ্ট ব্যাখ্যাসহ ক্ষেত্রমত প্রমাণক সংযুক্তকরণ।

গ. সংঘটিত বা সংঘটিতব্য অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড সম্পর্কে যে কোনো সহকর্মীর সহিত আলোচনাক্রমে রিপোর্ট দাখিলে কোনো বাধা থাকিবে না।

Sonali Bank Limited Human Resources Development Division Head Office, Dhaka

**১০. হুইসেল ব্লোয়ার পলিসির পরিপালন ও অনুশীলন:**

ক. ব্যাংকের প্রধান কার্যালয়ের ভিজিল্যান্স এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন এই পলিসি সার্বিকভাবে পরিচালনা, পর্যালোচনা এবং হুইসেল ব্লোয়ার কর্তৃক রিপোর্টকৃত বিষয়ের উপর দ্রুত ব্যবস্থা গ্রহণে দায়ী থাকিবে।

খ. হুইসেল ব্লোয়ার কর্তৃক রিপোর্টকৃত বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে ভিজিল্যান্স এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল এর নির্দেশনা, পরামর্শ এবং অনুমোদন অনুযায়ী দায়িত্ব পালন করিবে।

**১১. হুইসেল ব্লোয়ারের সুরক্ষা ব্যবস্থা:**

ক. কোনো হুইসেল ব্লোয়ার এর সম্মতি ব্যতীত তাহার পরিচিতি প্রকাশ করা যাইবে না।

খ. এই পলিসি অনুযায়ী হুইসেলব্লোয়িং কার্যক্রমের জন্য হুইসেল ব্লোয়ার-এর বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ অথবা হয়রানিমূলক বদলি অথবা এমন কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে না যাহা তাহার মানসিক, আর্থিক বা সামাজিক সুনামের জন্য ক্ষতিকর হয়। উপরন্তু তাহার সহিত কোনো প্রকার বৈষম্যমূলক আচরণ করা যাইবে না।

গ. এই পলিসি অনুযায়ী হুইসেলব্লোয়িং কার্যক্রমের জন্য হুইসেল ব্লোয়ার-এর বিরুদ্ধে কোনো ফৌজদারী বা দেওয়ানী বা বিভাগীয় মামলা দায়ের করা যাইবে না। তবে, অসৎ উদ্দেশ্যে কোনো অসত্য বা ভিত্তিহীন তথ্য সংবলিত রিপোর্ট প্রদান করিলে তাহার বিরুদ্ধে সোনালী ব্যাংক লিমিটেড কর্মচারী চাকুরী প্রবিধানমালা (যখন যেটা কার্যকর থাকিবে) অনুযায়ী আচরণবিধি ও শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে বিভাগীয় মামলা রুজুসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণে কোনো বাধা থাকিবে না।

ঘ. হুইসেল ব্লোয়ার কখনো কোনো হয়রানি বা নির্যাতন (অনানুষ্ঠানিক চাপসহ) এর বিরুদ্ধে প্রতিকার চাহিলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অনতিবিলম্বে প্রতিকার প্রদানের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবেন।

**১২. নামবিহীন বা বেনামি হুইসেলব্লোয়িং:**

হুইসেলব্লো বা হুইসেলব্লোয়িং এর ক্ষেত্রে হুইসেল ব্লোয়ারের নাম পরিচয় উল্লেখ করিতে হইবে। অন্যথায় উহার উপর কোনো কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।

তবে শর্ত থাকে যে, হুইসেলব্লোতে উল্লেখিত বিষয়ের গুরুত্ব, উহার বিশ্বাসযোগ্যতা এবং উহা প্রমাণের সুযোগের বিষয় সতর্কতার সঙ্গে বিবেচনা করিয়া উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে কোনো বাধা থাকিবে না।

**১৩. বিবিধ:**

ক. হুইসেল ব্লোয়ার পলিসির আওতায় ইহার কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত ন্যায়পাল বিভিন্ন কার্যবিধি, নির্দেশনা জারি করিতে পারিবেন। জারিকৃত এইরূপ কার্যবিধি, নির্দেশনাপত্র এর বিষয়ে পরবর্তীতে পরিচালনা পর্ষদকে অবহিত করিতে হইবে।

খ. এই পলিসিতে বর্ণিত কোনো বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হইলে পরিচালনা পর্ষদ উহার ব্যাখ্যা প্রদান করিবে।

গ. পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে এই পলিসি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করা যাইবে।

Sonali Bank Limited
Human Resource Development Division
Head Office, Dhaka